# বাংলাদেশ নার্সিংও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০

ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েবসাইট: www.bnmc.gov.bd


নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৬)/২০২৬-১৫ তারিখ: ০৭ জানুয়ারি ২০২৬

## ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশের সকল সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং, ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি:

১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. আবেদনকারীকে ২০২৩, ২০২৪ অথবা ২০২৫ সালের এইচএসসি/সমমান এবং ২০২১, ২০২২ অথবা ২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে এসএসসি ও এইচএসসি দুই পরীক্ষার মধ্যে ব্যবধান কোনোভাবেই তিন বছরের অধিক হতে পারবেনা।

৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট আসনের সর্বোচ্চ ১৫% আসন পুরুষ শিক্ষার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনুমোদিত আসনের সর্বোচ্চ ২০% আসন পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শুধু মহিলা শিক্ষার্থী আবেদনের যোগ্য হবে।

৪. (ক) **৪ বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং কোর্স):** আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। দুটি পরীক্ষায় মোট জিপিএ ন্যূনতম ৬.৫০ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবেনা। শিক্ষার্থীকে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে।

(খ) **৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** আবেদনকারীকে যে কোনো বিভাগে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। দুটি পরীক্ষায় মোট জিপিএ ন্যূনতম ৬.০০ থাকতে হবে। তবে কোনো একটি পরীক্ষায় জিপিএ ২.৫০ এর কম হবে না।

৫. নার্সিং ও মিডওয়াইফারি কোর্সসমূহে ভর্তির জন্য অনলাইনে ফরম পূরণের নির্দেশিকা ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং ভর্তি নীতিমালা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইট www.bnmc.gov.bd এর মাধ্যমে জানা যাবে।

৬. বিএসসি ও ডিপ্লোমা কোর্সের জন্য পৃথক পৃথক প্রশ্নপত্রে ১ ঘন্টা ১৫ মিনিটের ১০০ (একশত) নম্বরের MCQ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস:**

(ক) **বিএসসি ইন নার্সিং:** বাংলা-১৫, ইংরেজি-২০, গণিত-১০, বিজ্ঞান-৪০ (জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন) এবং সাধারণ জ্ঞান ও মানবিক গুণাবলি-১৫।

(খ) **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ গণিত-১০, সাধারণ বিজ্ঞান-৩০ এবং সাধারণ জ্ঞান ও মানবিক গুণাবলি-২০।

৭. এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং শিক্ষার্থীর MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে।

এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক= ২৫ নম্বর (সর্বোচ্চ);

এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক=২৫ নম্বর (সর্বোচ্চ);

MCQ পরীক্ষা = ১০০ নম্বর, সর্বমোট = (২৫+২৫+১০০) = ১৫০ নম্বর।

৮. MCQ পরীক্ষায় ৪০ (চল্লিশ) বা তদূর্ধ্ব নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীগণ উত্তীর্ণ মর্মে বিবেচিত হবেন। জাতীয় মেধার ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষার মেধাক্রম ও শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত পছন্দের ক্রমানুসারে শিক্ষার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হবে তা নির্ধারিত হবে। বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী মধ্য থেকে মেধাক্রম অনুসারে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি ভর্তির অনুমোদন প্রদান করবে।

৯. **ভর্তি পরীক্ষার ফি:** বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/-(সাতশত) টাকা, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা আবেদন ফি হিসেবে টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে জমা দিতে হবে। অনলাইনে ফি জমা হলেই আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

| | | |
|---|---|---|
| ১০. | অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ১২ জানুয়ারি ২০২৬ (সোমবার দুপুর ১২.০০) |
| | অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ৩১ জানুয়ারি ২০২৬ (শনিবার, রাত ১১.৫৯) |
| | অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ০১ ফেব্রুয়ারি ২০২৬ (রবিবার, রাত ১১.৫৯) |
| | অনলাইন প্রবেশপত্র ডাউনলোড শুরুর তারিখ | : ২২-২৪ ফেব্রুয়ারি ২০২৬ (রবিবার-মঙ্গলবার, বিকাল ০৫.০০টা) |
| | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | : ২৭ ফেব্রুয়ারি ২০২৬ (শুক্রবার, সকাল ১০.০০-১১.১৫ টা পর্যন্ত) |

১১. পশ্চাৎপদ জনগোষ্ঠীর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) জন্য মোট আসনের শতকরা ০১ ভাগ সংরক্ষিত থাকিবে। তবে সংরক্ষিত আসনে উপযুক্ত শিক্ষার্থী পাওয়া না গেলে সাধারণ মেধাক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

১২. ভর্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা'-এর বিধানাবলি অনুসৃত হবে। নীতিমালায় উল্লেখ নাই এমন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. নির্বাচিত শিক্ষার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ, মিথ্যা অথবা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

২৭.০১.০২৬
হালিমা আক্তার
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
এবং
সদস্য-সচিব, ভর্তি কমিটি